সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে অগ্রহায়ণ বুধবার, ১৩৭২ ইং 4th Dec 1965 { ২৮-শ সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Seeur

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354. 07. 57

**খাস জনতা**
কেরোসিন কুকার
রূপকে চাকচিক্য ও নিপুণতা আনবে।
প্রস্তুতকারক,
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২
KALPANA O. M.

শীতবস্ত্রের বিপুল আয়োজন
**শিবদুর্গা বস্ত্রালয়**
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

**স্টুডেন্টস ফেক্টরি**
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

## শারদীয়া মহাপূজার প্রাপ্য অবকাশ

চিরাচরিত প্রথামত শারদীয়া মহাপূজার জন্ত দুই সপ্তাহ অবকাশ লওয়া হয় কিন্তু আমরা তখন অবকাশ লই নাই। গত ৮ই ও ১৫ই অগ্রহায়ণ, ১৩৭২ দুই সংখ্যা "জঙ্গিপুর সংবাদ" বন্ধ ছিল। এই দুই সপ্তাহ পূজার অবকাশ বলিয়া গণ্য হইবে।

সম্পাদক, "জঙ্গিপুর সংবাদ"

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২২শে অগ্রহায়ণ বুধবার সন ১৩৭২ সাল।

---

# মুখ্যমন্ত্রীর বাণী

মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন পশ্চিমবঙ্গের নূতন খাদ্যনীতি ব্যাখ্যা করে বলেন যে, বিভিন্ন শ্রেণীর মধ্যে অপ্রচুর খাদ্য বণ্টনের ব্যাপারে যে কোন রকমের অসমতা রোধ করা বর্তমান অবস্থায় সরকারের প্রাথমিক দায়িত্ব।

তিনি মনে করেন "এই অসমতা রোধ করার পথ হল সরকারের পক্ষে যতটা বেশী পরিমাণে সম্ভব দেশের মধ্য থেকে ধান চাল সংগ্রহ করা এবং কেন্দ্রের যতটা সাহায্য পাওয়া যাবে সেই দুই মিলিয়ে প্রত্যক্ষ সরকারী তত্ত্বাবধানে যেখানে লোকের ক্রয় ক্ষমতা বেশী সেখানে বিধিবদ্ধ রেশনিং মারফত, বাকী সহর ও পল্লী অঞ্চলে সংশোধিত রেশনিং মারফত ন্যায্য মূল্যে বণ্টন করা। এক দিকে কৃষককে তার উৎপন্নের জন্য ন্যায্য মূল্য দেওয়া এবং অন্যদিকে ন্যায্য মূল্যে সুষম বণ্টন করা—এই নীতির ভিত্তিতেই খাদ্যনীতি তৈরী হয়েছে।"

তিনি আরও বলেন যে গ্রামাঞ্চলে ন্যায্য মূল্যের দোকান থেকে আংশিক বা সংশোধিত রেশনিং ব্যবস্থায় যে খাদ্য বণ্টন করা হয়, সে সম্পর্কেও একটি নূতন পদ্ধতি প্রবর্তন করা হবে। যাঁরা ধান চাল উৎপাদন করেন না তাঁরা সকলেই সারা বছর ধরেই সংশোধিত রেশনিং ব্যবস্থার সুযোগ পাবেন। আবার জমির মালিক বা বর্গাদার হিসেবে যাঁর উৎপাদন যথেষ্ট নয়, তাতে সারা বছর চলে না, বৎসরের খানিকটা সময় তাঁদের এই সরবরাহের উপর নির্ভর করতে হবে। এই দৃষ্টিতে বিবেচনা করে গ্রামাঞ্চলের সমস্ত অধিবাসীদের 'ক', 'খ', 'গ', 'ঘ' এবং 'ঙ' এই পাঁচটি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে।

'ক' শ্রেণীভুক্ত হবেন সেই সমস্ত পরিবার যাঁরা মালিক হিসেবে অথবা ভাগীদার বা অন্য অধিকারে কোন জমি থেকেই উৎপাদন করেন না। এই 'ক' শ্রেণীর লোকদের আমরা বৎসরব্যাপী আংশিক রেশনিং ব্যবস্থায় ন্যায্য মূল্যে চাল ও গম সরবরাহ করা হবে।

'খ' শ্রেণীভুক্ত হবেন সেই সমস্ত পরিবার যাঁদের উৎপাদন সেচের সুবিধাহীন এক একর বা সেচযুক্ত ½ একর জমির পুরো উৎপাদনের সমান। এই শ্রেণীর পরিবারকে ১৫ই মার্চ্চ থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত ন্যায্য মূল্যের দোকান থেকে খাদ্য সরবরাহ করা হবে।

'গ' শ্রেণীভুক্ত হবেন সেই সমস্ত পরিবার যাঁদের উৎপাদন হ'ল সেচহীন এক একর থেকে দুই একর জমি অথবা ½ একর থেকে ১ একর পর্যন্ত সেচযুক্ত জমির পুরো উৎপাদনের সমান। এঁদের ন্যায্য মূল্যের দোকান থেকে খাদ্য সরবরাহ করা হবে ১লা জুলাই থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত।

'ঘ' শ্রেণীভুক্ত হবেন সেই সমস্ত পরিবার যাঁদের উৎপাদন দুই একর থেকে চার একর পর্যন্ত সেচহীন জমির অথবা এক একর থেকে দেড় একর পর্যন্ত সেচযুক্ত জমির পুরো উৎপাদনের সমান। যদি এমন অঞ্চলে এঁদের বাস হয় যেখানে আউশ ধান হয় তাহলে এঁদের ন্যায্য মূল্যের দোকান থেকে খাদ্য সরবরাহ করা হবে ১৫ জুলাই থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত এবং অন্যান্য অঞ্চলে বাস হলে ১৫ই অক্টোবর পর্যন্ত।

বাকী লোক 'ঙ' শ্রেণীভুক্ত হবেন।

এই শ্রেণীবিভাগ প্রয়োজন অনুসারে অবস্থা বিবেচনা ক'রে জেলা ম্যাজিষ্ট্রেট রদবদল করতে পারবেন। অর্থাৎ কোন অঞ্চলে ফলন কম হ'লে অথবা কোন পরিবারে লোকসংখ্যা বেশী হ'লে জেলা কর্তৃপক্ষ সময়ের তালিকা পরিবর্তন ক'রে ব্যবস্থা অবলম্বন করবেন।

সরকার সতর্কভাবে বিবেচনা করার পর সিদ্ধান্ত করেছেন যে, এই রাজ্যের কৃষির উন্নতির স্বার্থে কৃষিজমিতে ইটখোলা স্থাপনে নিরুৎসাহ করা হবে এবং এই সংক্রান্ত আইনসম্মত ব্যবস্থা জনগণের অবগতির জন্য রাজ্যের সর্বত্র ব্যাপকভাবে প্রচার করা হবে।

তাছাড়া, ভাল কৃষিজমি ইটখোলা, ইটের ভাটি, বালুর কোয়ারি প্রভৃতি তৈরী করে নষ্ট করা বন্ধ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৫ সালের পশ্চিমবঙ্গের ভূমি সংস্কার আইনের আরও সংশোধন করার কথা বিবেচনা করছেন।

কৃষি জমিতে বেআইনীভাবে ইটখোলা নির্ম্মাণ করা বন্ধ করার জন্য যাতে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যায় সে উদ্দেশ্যে জনসাধারণের উচিত ১৯৫৭ সালের খনি ও খনিজদ্রব্য আইন এবং ১৯৬৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের বিধান কেউ লংঘন করলে তা তৎক্ষণাৎ বি. ডি. ও., অথবা জেলাশাসক/ডেপুটি কমিশনরের গোচরীভুক্ত করা।

---

## প্রতিরক্ষা তহবিলে দান

বিশেষ আনন্দের সহিত জানাইতেছি যে, আমাদের দেশের জাতীয় সংকটময় ক্ষণে গত ২৭শে সেপ্টেম্বর, ৬৫ রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মাননীয়া প্রধানা শিক্ষিকা শ্রীশকুন্তলা চৌধুরী মহাশয়ার সক্রিয় উদ্যম ও পরিচালনায়, অন্যান্য শিক্ষক ও শিক্ষিকার পূর্ণ সহযোগিতায় ও সকল ছাত্রীদের প্রাণবন্ত উৎসাহে জাতীয় প্রতিরক্ষা তহবিলে পশ্চিমবঙ্গের মাননীয়া রাজ্যপালের নিকট ১৯০'০০ টাকা প্রেরিত হইয়াছে।

ইহার পূর্বেও এই বিদ্যালয় চৈনিক আক্রমণ প্রতিরোধের সহায়তায় ১৬০'০০ পাঠাইয়াছিলেন।

এই অঞ্চলে উক্ত বিদ্যালয়ের এই প্রকার উদ্যম ও দেশের প্রতি অসীম অনুরাগ সত্যই অনুকরণীয় ও প্রশংসনীয়।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১০ই জানুয়ারী, ১৯৬৬

১৯৬৪ সালের ডিক্রীজারী

৩২ মনি ডিঃ মহম্মদ আবেদালি বিশ্বাস দেং সাবিরুদ্দিন মুন্সী দাবি ৪৮৭.৮৩ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া জমি ১-৬৬, ১-২৬, ৫৪ আঃ ১০০৲, ১০০৲, ৫০৲ ২নং লাট থানা ঐ মৌজে কুল্‌ড়ী ৩-১৫ শতক জমি আঃ ১০০৲ ৩নং লাট মৌজাদি ঐ ৮৬ শতক জমি আঃ ৫০৲

১৯৬৫ সালের ডিক্রীজারী

১৭ মনি ডিঃ সরস্বতী দেবী দেং ধীরেন্দ্রনাথ ঘোষ দিং দাবি ৩২৫.৮১ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ১৭ শতকের কাত ৩৷৶/১১ মধ্যে দেন্দারের ⅓ অংশে ৬ শতক ভূমি ও তদুপরিস্থিত খেড়ো ঘর মায় চাল ছাপ্পর ইত্যাদি সহ আঃ ৫০৲ খং ২২৫ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ৪ শতকের কাত ৭৫ পয়সা তন্মধ্যে দেন্দারের ⅓ অংশ আঃ ১০৲ খং ৮৩১ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১ শতক জমির কাত ।৶০ তন্মধ্যে দেন্দারের ⅓ অংশ আঃ ৫৲ খং ৮৩৬ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১০ শতকের কাত ১.৪১ পয়সা তন্মধ্যে দেন্দারের ⅓ অংশ আঃ ১৫৲ খং ৮৪০ ঐ স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৪ই ফেব্রুয়ারী, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

১০ মনি ডিঃ শৈলবালা দাসী দিং দেং জঙ্গল মাল দাবি ২৪.৮৭ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ৪৩ শতক জমি নিলাম হইবে খং ২৫

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৭ই জানুয়ারী, ১৯৬৬

১৯৬৪ সালের ডিক্রীজারী

৩৪ স্বত্ব ডিঃ জয়নাল আবেদীন দেং জাফর সেখ দিং দাবি ১৩৪.৬৫ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে প্রসাদপুর ৯৯ শতকের কাত ৬৶/২ তন্মধ্যে ৩৩ শতকের কাত ১৷৬ আঃ ১০০৲ খতিয়ান ৯৪ রায়ত স্থিতিবান

---

# লেভি সম্বন্ধে

পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগীয় ২৭-১১-৬৫ তারিখের ১১২৮৭ সংখ্যক পশ্চিমবঙ্গ খাদ্যশস্য সংগ্রহ ( লেভি ) আদেশ অনুযায়ী, ধান্য উৎপাদনকারীগণ, তাঁহাদের ধান্যচাষের জমির পরিমাণের হিসাবে, নিম্নলিখিত হারে ধান্য, নিজ এলাকার খাদ্যশস্য ক্রয়ের জন্য নিযুক্ত সরকারী এজেণ্ট বা চাউলকলের নিকট ১৯৬৬ সালের ৩১শে মার্চ্চের মধ্যে নির্দ্ধারিত মূল্যে বিক্রয় করিবেন। ধান্যের বদলে ইচ্ছা করিলে, তিনভাগের দুইভাগ ওজনের চাউলও লেভি দিতে পারেন।

জমি অনুযায়ী লেভির দেয় মোট ধান্য, ঐ জমির স্বত্বের অংশীদার ও বর্গাদার বা ভাগীদারগণ আপন আপন প্রাপ্য অনুসারে, হারাহারি ভাগে ভাগ করিয়া নিজ এলাকার সরকারী এজেণ্ট বা চাউলকলকে বিক্রয় করিবেন। সরকারী এজেণ্ট ও চাউলকলগুলি—ধান্য বা চাউল ক্রয় করার রসিদ দিতে বাধ্য থাকিবেন, কেবলমাত্র ঐ রসিদই লেভির হিসাবের মধ্যে গণ্য হইবে, সুতরাং কোনও বিক্রেতা যেন উক্ত প্রমাণ লইতে না ভুলেন।

## ধান্য উৎপাদনকারীর লেভি আদেশ অনুসারে দেয় ধান্যের পরিমাণের তালিকা

| জমির পরিমাণ | | সেচ পরিকল্পনার অন্তর্গত এলাকা হইলে | | সেচ পরিকল্পনার বহির্ভূত এলাকা হইলে | |
|---|---|---|---|---|---|
| একর | বিঘা ( আনুমানিক ) | কুইণ্টাল | মণ | কুইণ্টাল | মণ |
| ১ | ৩ | — | — | — | — |
| ২ | ৬ | ১ | ২.৬৮ | — | — |
| ৩ | ৯ | ৪.৫০ | ১২.০৬ | ১.৫০ | ৪.০২ |
| ৪ | ১২ | ৯.০০ | ২৪.১১ | ৩.৫০ | ৯.৩৮ |
| ৫ | ১৫ | ১৩.৫০ | ৩৬.১৭ | ৫.৫০ | ১৪.৭৪ |
| ৬ | ১৮ | ১৯.৫০ | ৫২.২৪ | ৮.৫০ | ২২.৭৭ |
| ৭ | ২১ | ২৫.৫০ | ৬৮.৩২ | ১১.৫০ | ৩০.৮১ |
| ৮ | ২৪ | ৩৩.০০ | ৮৮.৪১ | ১৪.৫০ | ৩৮.৮৫ |
| ৯ | ২৭ | ৪০.৫০ | ১০৮.৫১ | ১৭.৫০ | ৪৬.৮৯ |
| ১০ | ৩০ | ৪৮.০০ | ১২৮.৬০ | ২০.৫০ | ৫৪.৯২ |
| ১১ | ৩৩ | ৫৬.০০ | ১৫০.০৪ | ২৫.৫০ | ৬৮.৩২ |
| ১২ | ৩৬ | ৬৪.০০ | ১৭১.৪৭ | ৩০.৫০ | ৮১.৭২ |
| ১৩ | ৩৯ | ৭২.০০ | ১৯২.৯০ | ৩৫.৫০ | ৯৫.১১ |
| ১৪ | ৪২ | ৮০.০০ | ২১৪.৩৪ | ৪০.৫০ | ১০৮.৫১ |
| ১৫ | ৪৫ | ৮৮.০০ | ২৩৫.৭৭ | ৪৫.৫০ | ১২১.৯০ |
| ১৬ | ৪৮ | ৯৬.০০ | ২৫৭.২১ | ৫০.৫০ | ১৩৫.৩০ |
| ১৭ | ৫১ | ১০৪.০০ | ২৭৮.৬৪ | ৫৫.৫০ | ১৪৮.৭০ |
| ১৮ | ৫৪ | ১১২.০০ | ৩০০.০৭ | ৬০.৫০ | ১৬২.০৯ |
| ১৯ | ৫৭ | ১২০.০০ | ৩২১.৫১ | ৬৫.৫০ | ১৭৫.৪৯ |
| ২০ | ৬০ | ১২৮.০০ | ৩৪২.৯৪ | ৭০.৫০ | ১৮৮.৮৯ |
| ২১ | ৬৩ | ১৩৬.০০ | ৩৬৪.৩৮ | ৭৫.৫০ | ২০২.২৮ |
| ২২ | ৬৬ | ১৪৪.০০ | ৩৮৫.৮১ | ৮০.৫০ | ২১৫.৬৮ |
| ২৩ | ৬৯ | ১৫২.০০ | ৪০৭.২৪ | ৮৫.৫০ | ২২৯.০৭ |
| ২৪ | ৭২ | ১৬০.০০ | ৪২৮.৬৮ | ৯০.৫০ | ২৪২.৪৭ |
| ২৫ | ৭৫ | ১৬৮.০০ | ৪৫০.১১ | ৯৫.৫০ | ২৫৫.৮৭ |

শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায়, জেলা শাসক ও সমাহর্ত্তা, মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ডেণ্টাল ক্লিনিক**

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের আশ্চর্য মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)